(iii) Eccentricity : $b^2=a^2(e^2-1)$ or $e^2=\dfrac{a^2+b^2}{a^2}$.

For rectangular (or equilateral) hyperbola

$a=b$; $e=\sqrt{2}$.

(iv) Focal distances of $P(x_1, y_1)$

$SP=ex_1-a$, $S'P=ex_1+a$

$S'P-SP=2a$.

(v) Equation of the tangent at (x_1, y_1)

$$\frac{xx_1}{a^2} - \frac{yy_1}{b^2} = 1.$$

(vi) Equation of the normal at (x_1, y_1) is

$$\frac{x - x_1}{} = \frac{y - y_1}{-\frac{y_1}{b^2}}.$$

1) Length of the chord of the hyperbola intercepted by $y = mx + c$ is

$$\frac{2ab\sqrt{1+m^2}\sqrt{c^2 - a^2m^2 + b^2}}{a^2m^2 - b^2}.$$

(viii) Condition of tangency :

The line $y = mx + c$ will be a tangent to the hyperbola if $c = \pm\sqrt{a^2m^2 - b^2}$.

The line $y = mx + \sqrt{a^2m^2 - b^2}$ is a tangent to the hyperbola for all values of m, the point of contact being $\left(\frac{}{\sqrt{a^2m^2 - b^2}}, -\frac{}{\sqrt{a^2m^2 - b^2}} \right.$.

(ix) Equation of the diameter is $y = \frac{b^2}{a^2m}x$.

(x) Equation of the asymptotes : $y = \pm\frac{b}{a}x$.

চতুর্থ অধ্যায় ✓

বৃত্ত (Circle)

4·1. মূলবিন্দুতে কেন্দ্র এবং নির্দিষ্ট ব্যাসার্ধ-বিশিষ্ট বৃত্ত।



মূলবিন্দু O তে কেন্দ্রবিশিষ্ট এক বৃত্তের ব্যাসার্ধ, মনে কর, a. বৃত্তের উপর য-কোন বিন্দু P-র স্থানাঙ্ক যদি (x, y) হয়, তবে $\mathrm{OP} = a$.

$$\therefore \quad \mathrm{OP}^2 = a^2 \, ; \qquad \therefore \quad \mathbf{x^2 + y^2 = a^2}.$$

বৃত্তের উপরিস্থ যে-কোন বিন্দুর স্থানাঙ্ক (x, y) দ্বারা এই সম্পর্ক সিদ্ধ হয় লিয়া ইহাই বৃত্তের সমীকরণ সূচিত করে।

4·2. যে-কোন বিন্দুতে কেন্দ্র এবং নির্দিষ্ট ব্যাসার্ধ-বিশিষ্ট বৃত্ত।



মনে কর, $C(\alpha, \beta)$ বৃত্তের কেন্দ্র এবং a ব্যাসার্ধ। বৃত্তের উপর যে-কোন বিন্দু P-র স্থানাঙ্ক যদি (x, y) হয়, তবে $CP = a$ বা $CP^2 = a^2$,

$$\therefore \quad (x-\alpha)^2+(y-\beta)^2=a^2.$$

বৃত্তের উপরিস্থ যে কোন বিন্দুর স্থানাঙ্ক এই সম্পর্ক সিদ্ধ করে বলিয়া ইহাই বৃত্তের নির্ণেয় সমীকরণ।

দ্রষ্টব্য। উপরিলিখিত বিষয় হইতে ইহা সুস্পষ্ট যে, যে-কোন বিন্দুতে (ধর, α, β) কেন্দ্র এবং যে-কোন দৈর্ঘ্য (ধর, a) ব্যাসার্ধ-বিশিষ্ট বৃত্তের সমীকরণের আকার

$$x^2+y^2-2\alpha x-2\beta y+(\alpha^2+\beta^2-a^2)=0.$$

অর্থাৎ, $x^2+y^2+2gx+2fy+c=0$ এই আকারের, যেখানে g, f, c ধ্রুবক।

অতএব, ইহাই বৃত্তের সমীকরণের সাধারণ আকার [§ 4·3 এবং উহার দ্রষ্টব্য অংশ দেখ]।

মূলবিন্দুতে কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রে g এবং f উভয়েই 0.

4·3. g, f, c ধ্রুবকগুলির যে-কোন মান হইলে $x^2+y^2+2gx+2fy+c=0$ সমীকরণটি সতত একটি বৃত্ত নির্দেশ করে, এবং ইহার কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয়।

প্রদত্ত সমীকরণটি নিম্নলিখিত আকারে লেখা যায়,

$$x^2+2gx+g^2+y^2+2fy+f^2=g^2+f^2-c,$$

বা, $$(x+g)^2+(y+f)^2=g^2+f^2-c,$$

বা, $$\{x-(-g)\}^2+\{y-(-f)\}^2=(\sqrt{g^2+f^2-c})^2.$$

ইহা হইতে প্রতীয়মান যে, নির্দিষ্ট বিন্দু $(-g, -f)$ হইতে চলন্ত বিন্দু (x, y) এর দূরত্ব ধ্রুবক $\sqrt{g^2+f^2-c}$ এর সমান।

$\therefore$ প্রদত্ত সমীকরণ সূচিত সঞ্চারপথটি $(-g, -f)$ বিন্দুতে কেন্দ্র ও $\sqrt{g^2+f^2-c}$ ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত।

বিশেষ দ্রষ্টব্য। সমীকরণটিকে একটি ধ্রুবক-সংখ্যা a দ্বারা গুণ করিয়া এই আকারে লেখা যায়

$$ax^2+ay^2+2g'x+2f'y+c'=0 \qquad \ldots\ (1).$$

এই সমীকরণও একটি বৃত্ত সূচিত করে, কিন্তু $(-g', -f')$ বিন্দু ইহার কেন্দ্র নহে, অথবা $\sqrt{g'^2+f'^2-c'}$ ও ইহার ব্যাসার্ধ নহে। প্রকৃতপক্ষে, একটি দ্বিঘাত সমীকরণে x^2 এবং y^2 এর সহগ যদি সমান হয় এবং xy-সংবলিত কোন পদ না থাকে, তবে লম্ব-স্থানাঙ্কের ক্ষেত্রে সমীকরণটি একটি বৃত্ত নির্দেশ করে। উপরের (i) সমীকরণটি বৃত্ত-নির্দেশক একটি সাধারণ সমীকরণ। এই বৃত্তের কেন্দ্র ও ব্যাসার্ধ স্থির করিতে হইলে x^2 ও y^2 এর সাধারণ সহগ a দ্বারা সমীকরণটিকে ভাগ করিয়া $x^2+y^2+2gx+2fy+c=0$ আকারে পরিণত করিতে হইবে। তাহা হইলে $(-g, -f)$ কেন্দ্রের স্থানাঙ্ক এবং $\sqrt{g^2+f^2-c}$ ব্যাসার্ধের দৈর্ঘ্য হইবে।

4·4. (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দু দুইটি একটি বৃত্তের ব্যাসের প্রান্তবিন্দু হইলে বৃত্তের সমীকরণ নির্ণয়।



$A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ বৃত্তের ব্যাসের প্রান্তবিন্দু হইলে AB-র মধ্যবিন্দু $\{\frac{1}{2}(x_1+x_2), \frac{1}{2}(y_1+y_2)\}$ বৃত্তের কেন্দ্র হইবে এবং ব্যাসার্ধ $=\frac{1}{2}AB=\frac{1}{2}\sqrt{(x_1-x_2)^2+(y_1-y_2)^2}$.

∴ এই বৃত্তের সমী

$$\{x-\tfrac{1}{2}(x_1+x_2)\}^2+\{y-\tfrac{1}{2}(y_1+y_2)\}^2$$
$$=\tfrac{1}{4}\{(x_1-x_2)^2+(y_1-y_2)^2\} \quad \cdots \quad (1)$$

বিকল্প পদ্ধতি।

AB, বৃত্তের ব্যাস এবং P বৃত্তের উপরিস্থ যে-কোন বিন্দু (x, y) হইলে PA এবং PB পরস্পর লম্ব।

এক্ষণে, PA ও PB রেখাদ্বয়ের 'm' যথাক্রমে $\frac{y-y_1}{x-x_1}$ এবং $\frac{y-y_2}{x-x_2}$.

[§ 3·1(E) দেখ]

$\therefore$ PA এবং PB পরস্পর সমকোণে নত বলিয়া

$$\frac{y-y_1}{x-x_1}\cdot\frac{y-y_2}{x-x_2}=-1,$$

বা $$(x-x_1)(x-x_2)+(y-y_1)(y-y_2)=0 \quad \cdots \quad \text{(ii)}$$

এই সমীকরণটি বৃত্তের উপরিস্থ যে-কোন বিন্দু P এর স্থানাঙ্ক দ্বারা সিদ্ধ বলিয়া ইহাই বৃত্তটির নির্ণেয় সমীকরণ।

দ্রষ্টব্য। সমীকরণের উপরিলিখিত (i) ও (ii) আকার যে অভিন্ন, তাহা সরল করিলেই বুঝা যাইবে।

4·5. (x_1, y_1), (x_2, y_2) ও (x_3, y_3) তিনটি নির্দিষ্ট বিন্দুগামী বৃত্তের সমীকরণ।

মনে কর, বৃত্তের নির্ণেয় সমীকরণ

$$x^2+y^2+2gx+2fy+c=0. \quad \cdots \quad \cdots \quad (1)$$

বৃত্তটি প্রদত্ত তিনটি বিন্দু দিয়া গমন করে বলিয়া

$$x_1^2+y_1^2+2gx_1+2fy_1+c=0$$
$$x_2^2+y_2^2+2gx_2+2fy_2+c=0$$
$$x_3^2+y_3^2+2gx_3+2fy_3+c=0$$

(x_1, y_1), (x_2, y_2) এবং (x_3, y_3) র মান দেওয়া থাকিলে তিনটি অজ্ঞাত-রাশি g, f, c সংবলিত এই তিনটি একঘাত সহ-সমীকরণ হইতে আমরা g, f, c র নির্দিষ্ট মান পাইতে পারি।

g, f, c র এই লব্ধ মান (i) সমীকরণে বসাইলে আমরা বৃত্তের নির্ণেয় সমীকরণ পাই এবং ইহার কেন্দ্র $(-g, -f)$ এবং ব্যাসার্ধ $\sqrt{g^2+f^2-c}$ ও পাওয়া যায়।

4·6. স্পর্শক ও অভিলম্বের সংজ্ঞা।



কোন বক্ররেখার উপর দুইটি সন্নিহিত বিন্দু P ও Q এর সংযোজক সরলরেখাকে P কেন্দ্র করিয়া যদি এমন ভাবে ঘোরানো যায় যে, বক্ররেখার সহিত PQ এর অপর ছেদবিন্দু Q ক্রমশঃ P-র নিকটবর্তী হইতে হইতে অবশেষে P বিন্দুর সহিত একেবারে মিলিয়া যায়, তবে PQ-র এই শেষ অবস্থান PT কে P বিন্দুতে বক্ররেখাটির **স্পর্শক** (*tangent*) বলা হয়।

স্পর্শবিন্দু P-র মধ্য দিয়া স্পর্শক PT-র লম্বরেখা PG কে P বিন্দুতে বক্ররেখাটীর **অভিলম্ব** (*normal*) বলে।

4·7. (A) $x^2+y^2=a^2$ এবং (B) $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তদ্বয়ের উপর নির্দিষ্ট (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ।



(A) মনে কর, $x^2+y^2=a^2$...(i) বৃত্তের উপর দুইটি সন্নিহিত বিন্দু P ও Q এর স্থানাঙ্ক যথাক্রমে (x_1, y_1) ও (x_2, y_2).

তাহা হইলে PQ জ্যা-র সমীকরণ

$$y - y_1 = \frac{y_2 - y_1}{x_2 - x_1}(x - x_1).$$

এক্ষণে, উভয় বিন্দু P, Q বৃত্তের উপর অবস্থিত বলিয়া

$$x_1^2+y_1^2=a^2 \qquad \cdots \qquad \cdots \quad \text{(iii)}$$

$$x_2^2+y_2^2=a^2 \qquad \cdots \qquad \cdots \quad \text{(iv)}$$

∴ বিয়োগ করিয়া $(x_2^2-x_1^2)+(y_2^2-y_1^2)=0$;

$$\therefore \quad \frac{y_2-y_1}{x_2-x_1}=-\frac{x_2+x_1}{y_2+y_1}.$$

∴ সমীকরণ (ii) এই আকারে লেখা যায়

$$y-y_1=-\frac{x_2+x_1}{y_2+y_1}(x-x_1). \qquad \cdots \qquad \cdots \quad \text{(v)}$$

এক্ষণে, Q বিন্দুকে ক্রমশঃ P বিন্দুর নিকট সরাইয়া আনিলে শেষপর্যন্ত Q বিন্দু P বিন্দুর সহিত মিলিয়া যাইবে এবং Q-র স্থানাঙ্ক (x_2, y_2) P-র স্থানাঙ্ক (x_1, y_1) এর সহিত এক হইয়া যাইবে। এই শেষ অবস্থানে PQ জ্যা P বিন্দুতে বৃত্তের স্পর্শক হইবে এবং (v) হইতে ইহার সমীকরণ তখন হইবে

$$y-y_1=-\frac{2x_1}{2y_1}(x-x_1),$$

বা $x_1(x-x_1)+y_1(y-y_1)=0,$

অর্থাৎ, $xx_1+yy_1=x_1^2+y_1^2=a^2$ [(iii) এর সাহায্যে]

∴ $x^2+y^2=a^2$ বৃত্তের $(x_1\ y_1)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ

$$\mathbf{xx_1+yy_1=a^2}.$$

(B) মনে কর, $x^2+y^2+2gx+2fy+c=0$ ⋯ (i) বৃত্তের উপর দুইটি সন্নিহিত বিন্দু P, Q এর স্থানাঙ্ক যথাক্রমে (x_1, y_1), (x_2, y_2).

PQ জ্যা-র সমীকরণ $y-y_1=\dfrac{y_2-y_1}{x_2-x_1}(x-x_1)$. ⋯ (ii)

P, Q বিন্দুদ্বয় বৃত্তের উপর অবস্থিত বলিয়া

$$x_1^2+y_1^2+2gx_1+2fy_1+c=0. \qquad \cdots \quad \text{(iii)}$$

$$x_2^2+y_2^2+2gx_2+2fy_2+c=0. \qquad \cdots \quad \text{(iv)}$$

বিয়োগ করিয়া,

$$(x_2^2-x_1^2)+(y_2^2-y_1^2)+2g(x_2-x_1)+2f(y_2-y_1)=0,$$

বা, $(x_2 - x_1)(x_2 + x_1 + 2g) + (y_2 - y_1)(y_2 + y_1 + 2f) = 0,$

বা, $\dfrac{y_2 - y_1}{x_2 - x_1} = -\dfrac{x_2 + x_1 + 2g}{y_2 + y_1 + 2f}.$

∴ PQ জ্যা-র সমীকরণ (ii) এইভাবে লেখা যায়

$$y - y_1 = -\frac{x_2 + x_1 + 2g}{y_2 + y_1 + 2f}(x - x_1). \qquad \cdots \quad (v)$$

এক্ষণে, Q বিন্দু ক্রমশঃ P বিন্দুর নিকট সরাইয়া আনিলে শেষপর্যন্ত Q বিন্দু P বিন্দুর সহিত মিলিয়া যাইবে এবং Q-র স্থানাঙ্ক (x_2, y_2) P-র স্থানাঙ্ক (x_1, y_1) এর সহিত এক হইয়া যাইবে। তখন PQ জ্যা P বিন্দুতে বৃত্তের স্পর্শক হইবে এবং (v) হইতে ইহার সমীকরণ তখন হইবে

$$y - y_1 = -\frac{2(x_1 + g)}{2(y_1 + f)}(x - x_1),$$

বা, $(x_1 + g)(x - x_1) + (y_1 + f)(y - y_1) = 0,$

বা, $xx_1 + yy_1 + gx + fy = x_1^2 + y_1^2 + gx_1 + fy_1.$

উভয় পক্ষে $gx_1 + fy_1 + c$ যোগ করিয়া

$$xx_1 + yy_1 + g(x + x_1) + f(y + y_1) + c$$
$$= x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c = 0. \qquad [\text{(iii) হইতে}]$$

∴ (i) সমীকরণ নির্দেশিত বৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শক

$$\mathbf{xx_1 + yy_1 + g(x + x_1) + f(y + y_1) + c = 0.}$$

4·8. (A) $\mathbf{x^2 + y^2 = a^2}$ এবং (B) $\mathbf{x^2 + y^2 + 2gx + 2fy + c = 0}$ বৃত্ত দ্বয়ের $\mathbf{(x_1, y_1)}$ বিন্দুতে অভিলম্বের (normal) সমীকরণ।

(A) $x^2 + y^2 = a^2$ বৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শক $xx_1 + yy_1 = a^2$, বা $y = -\dfrac{x_1}{y_1}x + \dfrac{a^2}{y_1}$. এই রেখার '$m$' $= -\dfrac{x_1}{y_1}$.

∴ (x_1, y_1) বিন্দুগামী অভিলম্ব এই বিন্দুগামী স্পর্শক $y = -\dfrac{x_1}{y_1}x + \dfrac{a^2}{y_1}$ এর লম্ব হওয়ায় ইহার সমীকরণ $y - y_1 = \dfrac{y_1}{x_1}(x - x_1),$

$$\text{বা,}\quad \frac{x-x_1}{x_1}=\frac{y-y_1}{y_1},$$

$$\text{বা,}\quad \frac{x}{x_1}=\frac{y}{y_1}.$$

এই রেখা স্পষ্টই বৃত্তের কেন্দ্র (0, 0) বিন্দুগামী।

(B) $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শক

$$xx_1+yy_1+g(x+x_1)+f(y+y_1)+c=0,$$

অর্থাৎ, $x(x_1+g)+y(y_1+f)+(gx_1+fy_1+c)=0.$

ইহার 'm' $=-\dfrac{x_1+g}{y_1+f}.$

(x_1, y_1) বিন্দুগামী অভিলম্ব ঐ বিন্দুগামী স্পর্শকের লম্ব হওয়ায় ইহা সমীকরণ

$$y-y_1=\frac{y_1+f}{x_1+g}(x-x_1).$$

$$\text{বা,}\quad x(y_1+f)-y(x_1+g)=fx_1-gy_1.$$

দ্রষ্টব্য। এই রেখা স্পষ্টতঃই বৃত্তের কেন্দ্র $(-g, -f)$ বিন্দুগামী। অতএব বৃত্তের যে-কোন বিন্দুতে অঙ্কিত অভিলম্ব বৃত্তের কেন্দ্রগামী। অর্থাৎ, বৃত্তের যে-কোন বিন্দুগামী ব্যাসার্ধ ঐ বিন্দুগামী স্পর্শকের উপর লম্ব।

4·9. $y=mx+c$ রেখা $x^2+y^2=a^2$ বৃত্তকে ছেদ করিলে



সরলরেখা কর্তৃক বৃত্তের ছেদবিন্দুর স্থানাঙ্ক বৃত্ত ও সরলরেখার উভয় সমীকরণ সিদ্ধ করে। সুতরাং, এই দুই সমীকরণ হইতে y অপসারণ করিলে ছেদবিন্দুর ভুজ, নিম্নের সমীকরণ হইতে পাওয়া যাইবে।

$$x^2+(mx+c)^2=a^2,$$

বা, $$x^2(1+m^2)+2mcx+(c^2-a^2)=0. \qquad \cdots \text{(i)}$$

ইহা x এর দ্বিঘাত সমীকরণ বলিয়া x এর মাত্র দুইটি মান পাওয়া যাইবে। সুতরাং, বৃত্তের সহিত সরলরেখাটি মাত্র দুই বিন্দুতে ছেদ করিবে।

মনে কর, A, B ছেদবিন্দু দুইটির স্থানাঙ্ক যথাক্রমে (x_1, y_1) ও (x_2, y_2). তাহা হইলে, x_1 এবং x_2 (i) সমীকরণের বীজ হইবে।

$$\therefore \quad x_1+x_2=-\frac{2mc}{1+m^2} \text{ এবং } x_1x_2=\frac{c^2-a^2}{1+m^2}.$$

$$\begin{aligned}\therefore \quad (x_1-x_2)^2&=(x_1+x_2)^2-4x_1x_2\\&=\frac{4m^2c^2}{(1+m^2)^2}-\frac{4(c^2-a^2)}{1+m^2}\\&=\frac{4\{m^2c^2-(c^2-a^2)(1+m^2)\}}{(1+m^2)^2}\\&=\frac{4\{a^2(1+m^2)-c^2\}}{(1+m^2)^2}.\end{aligned}$$

আবার, $$y_1=mx_1+c \text{ এবং } y_2=mx_2+c.$$

$$\therefore \quad y_1-y_2=m(x_1-x_2).$$

AB জ্যা-র দৈর্ঘ্য

$$=\sqrt{(x_1-x_2)^2+(y_1-y_2)^2}=\sqrt{(x_1-x_2)^2(1+m^2)}$$

$$=\sqrt{\frac{4\{a^2(1+m^2)-c^2\}}{1+m^2}}=\frac{2\sqrt{a^2(1+m^2)-c^2}}{\sqrt{1+m^2}}.$$

অনুসিদ্ধান্ত। কোন রেখা বৃত্তের স্পর্শক হওয়ার শর্ত।

কোন রেখা কর্তৃক বৃত্তের ছিন্ন জ্যা-র দৈর্ঘ্য যদি 0 হয়, তবে রেখাটি বৃত্তকে স্পর্শ করিবে। সুতরাং, $y=mx+c$ রেখা $x^2+y^2=a^2$ বৃত্তের স্পর্শক হওয়ার শর্ত $c^2=a^2(1+m^2)$,

বা, $$c=\pm a\sqrt{1+m^2}.$$

স্পর্শক হওয়ার শর্ত নির্ণয়ের **বিকল্প পদ্ধতি।**

বৃত্তের কেন্দ্র হইতে রেখাটির উপর লম্বের দৈর্ঘ্য ব্যাসার্ধের সমান।

$\therefore$ বৃত্তের কেন্দ্র $(0, 0)$ হইতে $mx-y+c=0$ রেখার উপর লম্বের দৈর্ঘ্য $=a$,

$$\text{বা,}\quad \frac{c}{\pm\sqrt{1+m^2}}=a. \quad \therefore\ c=\pm a\sqrt{1+m^2}.$$

দ্রষ্টব্য। নির্দিষ্ট একটি সরলরেখা $y=mx+c$ এর সহিত সমান্তরাল দুইটি রেখা বৃত্তটির স্পর্শক হইবে, যথা $y=mx\pm a\sqrt{1+m^2}$.

4·10. $\mathbf{y=mx+a\sqrt{1+m^2}}$ রেখা সর্বদাই $\mathbf{x^2+y^2=a^2}$ বৃত্তের স্পর্শক তাহার প্রমাণ, এবং স্পর্শবিন্দুর স্থানাঙ্ক নির্ণয়।

(x_1, y_1) বিন্দুতে বৃত্তটির স্পর্শক $xx_1+yy_1=a^2$,

$$\text{বা,}\quad xx_1+yy_1-a^2=0 \quad \cdots \quad \cdots \quad \text{(i)}$$

$$y=mx+a\sqrt{1+m^2} \quad \text{বা,} \quad mx-y+a\sqrt{1+m^2}=0 \quad \cdots \quad \text{(ii)}$$

রেখাটি যদি (x_1, y_1) বিন্দুতে স্পর্শক হয় তবে (i) এবং (ii) সমীকরণ দুইটি অভিন্ন হইবে। সুতরাং, সহগগুলির অনুপাত সমান হইবে।

$$\frac{}{m}=\frac{y_1}{-1}=\frac{}{a\sqrt{1+m^2}}=\frac{}{\sqrt{1+m^2}}$$

$$\therefore\ x_1=-\frac{am}{\sqrt{1+m^2}},\ y_1=\frac{a}{\sqrt{1+m^2}}.$$

সুতরাং, যদি (x_1, y_1) বিন্দুটি প্রকৃতপক্ষে বৃত্তের উপর অবস্থিত হয় তবে (ii) সমীকরণ নির্দেশিত রেখাটি বৃত্তকে স্পর্শ করিবে।

$$\text{সেক্ষেত্রে}\quad \left(-\frac{am}{\sqrt{1+m^2}}\right)^2+\left(\frac{a}{\sqrt{1+m^2}}\right)^2=a^2 \text{ হইতে হইবে।}$$

কিন্তু স্পষ্টতঃই বাম পক্ষ দক্ষিণ পক্ষের সমান।

অতএব, m এর মান যাহাই হউক না কেন $y=mx+a\sqrt{1+m^2}$ রেখাটি $x^2+y^2=a^2$ বৃত্তের স্পর্শক এবং স্পর্শবিন্দুর স্থানাঙ্ক

$$\mathbf{x_1=-\frac{am}{\sqrt{1+m^2}},\ y_1=\frac{a}{\sqrt{1+m^2}}.}$$

দ্রষ্টব্য। অনুরূপভাবে, $y=mx-a\sqrt{1+m^2}$ রেখাটিও $x^2+y^2=a^2$ বৃত্তের স্পর্শক এবং স্পর্শবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{am}{\sqrt{1+m^2}}, \frac{-a}{\sqrt{1+m^2}}\right)$

4·11. $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তের বহিঃস্থ একটি বিন্দু (x_1, y_1) হইতে বৃত্তের উপর অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য।



মনে কর, P বিন্দু (x_1, y_1) হইতে বৃত্তের উপর অঙ্কিত স্পর্শক PQ. বৃত্তের কেন্দ্র C র স্থানাঙ্ক $(-g, -f)$ এবং ব্যাসার্ধ $CQ=\sqrt{g^2+f^2-c}$.

পূর্বে প্রমাণ করা হইয়াছে CQ, PQ এর উপর লম্ব। [§ 4·8 দ্রষ্টব্য দেখ]

$$\therefore\quad PQ^2 = CP^2 - CQ^2$$
$$= (x_1+g)^2+(y_1+f)^2-(g^2+f^2-c)$$
$$= x_1^2+y_1^2+2gx_1+2fy_1+c.$$
$$\therefore\quad PQ=\sqrt{x_1^2+y_1^2+2gx_1+2fy_1+c}.$$

অনুসিদ্ধান্ত। বহিঃস্থ বিন্দু (x_1, y_1) হইতে $x^2+y^2=a^2$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $\sqrt{x_1^2+y_1^2-a^2}$.

দ্রষ্টব্য। $x^2+y^2+2gx+2fy+c=0$, অথবা $x^2+y^2-a^2=0$ বৃত্তের সমীকরণের বাম পক্ষে যদি কোন বিন্দুর স্থানাঙ্ক (x_1, y_1) বসানো যায়, তবে ঐ বিন্দু হইতে সংশ্লিষ্ট বৃত্তের উপর অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্যের বর্গ আমরা পাই। ইহা যদি ধনাত্মক হয়, তবে বিন্দুটি বৃত্তের বাহিরে অবস্থিত এবং স্পর্শকের দৈর্ঘ্য বাস্তব হইবে। কিন্তু ইহা যদি ঋণাত্মক হয়, তবে স্পর্শকের দৈর্ঘ্য কাল্পনিক হইবে, এবং বিন্দুটি বৃত্তের ভিতরে অবস্থিত হইবে।

বৃত্তের সমীকরণ যদি $ax^2+ay^2+2g'x+2f'y+c'=0$ হয়, তবে সমীকরণকে a দ্বারা ভাগ করিয়া $x^2+y^2+2gx+2fy+c=0$ আকারে পরিণত করিতে হইবে। স্পর্শকের দৈর্ঘ্যের বর্গ পাইতে হইলে এই শেষোক্ত সমীকরণের বাম পক্ষে (x, y)এর পরিবর্তে (x_1, y_1) বসাইতে হইবে। [এই সম্পর্কে § 4·3 দ্রষ্টব্য দেখ]

4·12. উদাহরণমালা।

1. *Find the equation to the circle passing through the points* $(2, -3)$ *and* $(-3, -4)$ *and having its centre on the line* $7x+2y+6=0$.

মনে কর, বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক (α, β). প্রদত্ত $(2, -3)$ ও $(-3, -4)$ বিন্দু দুইটি বৃত্তের উপর অবস্থিত বলিয়া কেন্দ্র হইতে সমদূরবর্তী।

$$\therefore \quad (\alpha-2)^2+(\beta+3)^2=(\alpha+3)^2+(\beta+4)^2,$$

বা, $10\alpha+2\beta+12=0$ অর্থাৎ, $5\alpha+\beta+6=0 \qquad \cdots \quad \text{(i)}$

আবার, কেন্দ্র, প্রদত্ত রেখার উপর অবস্থিত বলিয়া

$$7\alpha+2\beta+6=0 \qquad \cdots \qquad \therefore \quad \text{(ii)}$$

(i) ও (ii) সমীকরণ সমাধান করিয়া $\alpha=-2$, $\beta=4$. কেন্দ্র $(-2, 4)$ হইতে $(2, -3)$ বিন্দুর দূরত্বই বৃত্তের ব্যাসার্ধ r.

$$\therefore \quad r^2=(2+2)^2+(-3-4)^2=65.$$

$\therefore$ বৃত্তের নির্ণেয় সমীকরণ $(x-\alpha)^2+(y-\beta)^2=r^2$,

বা, $(x+2)^2+(y-4)^2=65$,

অর্থাৎ $x^2+y^2+4x-8y-45=0$.

2. *Find the length of the chord intercepted by the straight line* $3x-4y+5=0$ *of the circle passing through the points* $(1, 2)$, $(3, -4)$ *and* $(5, -6)$.

মনে কর, $(1, 2)$, $(3, -4)$ এবং $(5, -6)$ তিনটি বিন্দুগামী বৃত্তের সমীকরণ $x^2+y^2+2gx+2fy+c=0. \qquad \cdots \qquad \cdots \quad \text{(i)}$

তাহা হইলে সমীকরণে স্থানাঙ্কগুলির মান বসাই

$$5+2g+4f+c=0$$
$$25+6g-8f+c=0$$

এবং $$61+10g-12f+c=0.$$

এই সমীকরণগুলি সমাধান করিলে $g=-11,\ f=-2,\ c=25$.

$\therefore$ (i) বৃত্তটি $x^2+y^2-22x-4y+25=0$ $\cdots$ (ii)

প্রদত্ত রেখাটি $3x-4y+5=0$. $\cdots$ $\cdots$ (iii)

(ii) বৃত্তের এবং (iii) সরলরেখার ছেদবিন্দুর ক্ষেত্রে উভয় সমীকরণ হইতে y অপসারণ করিলে ছেদবিন্দুর ভুজ নিম্ন-সমীকরণের বীজ হইবে

$$x^2+\left(\frac{3x+5}{4}\right)^2-22x-(3x+5)+25=0,$$

বা, $5x^2-74x+69=0$. $\cdots$ $\cdots$ (iv)

(ii) এবং (iii) এর ছেদবিন্দু তুইটির স্থানাঙ্ক যদি $(x_1,\ y_1)$ এবং $(x_2,\ y_2)$ হয়, তবে x_1 ও x_2 (iv) সমীকরণের বীজ হইবে।

$\therefore$ $x_1+x_2=\frac{74}{5},\ x_1x_2=\frac{69}{5}$.

$\therefore$ $(x_1-x_2)^2=(x_1+x_2)^2-4x_1x_2=(\frac{74}{5})^2-4.\frac{69}{5}=\frac{4096}{25}$.

উভয় বিন্দু $(x_1,\ y_1)$ এবং $(x_2,\ y_2)$, (iii) এর উপর অবস্থিত বলিয়া

$$3x_1-4y_1+5=0,\ 3x_2-4y_2+5=0,$$

$\therefore$ $3(x_1-x_2)-4(y_1-y_2)=0$, $\therefore$ $(y_1-y_2)^2=\frac{9}{16}(x_1-x_2)^2$.

$\therefore$ l ছিন্ন জ্যা র দৈর্ঘ্য হইলে

$$l^2=(x_1-x_2)^2+(y_1-y_2)^2=(1+\tfrac{9}{16})(x_1-x_2)^2$$
$$=\tfrac{25}{16}\times\tfrac{4096}{25}=256.$$

$\therefore$ $l=16$.

বিকল্প পদ্ধতি।

(ii) বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক (11, 2) এবং ইহার ব্যাসার্ধ

$$r=\sqrt{11^2+2^2-25}=10 \quad [\ \S\ 4{\cdot}3\ \text{দেখ}\ ]$$

এই কেন্দ্রবিন্দু হইতে (iii) রেখার উপর লম্বের দৈর্ঘ্য

$$p=\frac{3.11-4.2+5}{\sqrt{3^2+4^2}}=6.$$

এক্ষণে (iii) রেখা বরাবর জ্যা যদি AB হয় এবং কেন্দ্র হইতে AB-র উপর লম্ব যদি CN হয়, তবে N, AB-র মধ্যবিন্দু। আবার $AN^2=CA^2-CN^2$.

$\therefore$ ছিন্ন জ্যা-র দৈর্ঘ্য $=AB=2AN=2\sqrt{r^2-p^2}=2\sqrt{100-36}=16$.

3. *Show that the straight line* $4x+3y-31=0$ *touches the circle* $x^2+y^2-6x+4y=12$, *and find the point of contact.*

প্রদত্ত সরলরেখা $4x+3y-31=0$, ... (i)

যদি $x^2+y^2-6x+4y-12=0$ ... (ii)

বৃত্তকে স্পর্শ করে, মনে কর, সেই স্পর্শবিন্দুর স্থানাঙ্ক (x_1, y_1).

আবার, (ii) বৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ

$$xx_1+yy_1-3(x+x_1)+2(y+y_1)-12=0$$

বা, $(x_1-3)x+(y_1+2)y-(3x_1-2y_1+12)=0$.

এই শেষোক্ত সমীকরণটি (i) সমীকরণ হইতে অভিন্ন হইবে।

$\therefore$ অনুরূপ রাশির সহগগুলির অনুপাত সমান হইবে।

$$\therefore \frac{x_1-3}{4}=\frac{y_1+2}{3}=\frac{3x_1-2y_1+12}{31}.$$

এবং ইহাদের প্রত্যেকটি

$$=\frac{(3x_1-2y_1+12)-3(x_1-3)+2(y_1+2)}{31-3.4+2.3}=1.$$

$\therefore x_1=7,\ y_1=1.$

(ii) সমীকরণে এই মান বসাইলে উহা সিদ্ধ হয়।

$\therefore$ (ii) বৃত্তের উপর একটি নির্দিষ্ট বিন্দু (7, 1) আছে, যে বিন্দুতে স্পর্শক, (i) রেখার সহিত অভিন্ন।

$\therefore$ (i) রেখা (ii) বৃত্তকে স্পর্শ করে এবং স্পর্শবিন্দুর স্থানাঙ্ক (7, 1).

বিকল্প পদ্ধতি।

স্পষ্টতঃই, (ii) বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক (3, −2) এবং ইহার ব্যাসার্ধ

$$=\sqrt{(-3)^2+2^2-(-12)}=5.$$

(i) সরলরেখার লম্ব-দূরত্ব (ii) বৃত্তের কেন্দ্র হইতে যদি ব্যাসার্ধের সমান হয়, তবে এই সরলরেখা বৃত্তটিকে স্পর্শ করিবে। এক্ষণে, (3, −2) বিন্দু হইতে i) সরলরেখার উপর লম্বের দৈর্ঘ্য

$$=\frac{4.3+3.(-2)-31}{-\sqrt{4^2+3^2}}=5=\text{বৃত্তের ব্যাসার্ধ।}$$

∴ (i) সরলরেখা (ii) বৃত্তকে স্পর্শ করে।

স্পর্শবিন্দুর স্থানাঙ্ক (x_1, y_1) ধরিয়া এবং (i) সরলরেখার সহিত এই বিন্দুতে স্পর্শকের সমীকরণের তুলনা করিয়া পূর্বের মত (x_1, y_1) স্থানাঙ্কের মান নির্ণয় করা যায়।

4. *Prove that the locus of the middle points of any system of parallel chords of a circle is a diameter passing through the centre.*

বৃত্তের কেন্দ্রকে মূলবিন্দু ধরিয়া বৃত্তের সমীকরণটিকে লেখা যায়

$$x^2+y^2=a^2 \qquad \cdots \quad \text{(i)}$$

মনে কর, বৃত্তের একপ্রস্থ সমান্তরাল জ্যা-গুলির একটির সমীকরণ

$$y=mx+c \qquad \cdots \quad \text{(ii)}$$

এই প্রস্থ সমস্ত জ্যা-র ক্ষেত্রে 'm' ধ্রুবক, কিন্তু বিভিন্ন জ্যা-র ক্ষেত্রে c ভিন্ন ভিন্ন।

(i) এবং (ii)-এর ছেদবিন্দু নির্ণয় করিতে হইলে, এই দুই সমীকরণ হইতে y অপসারণ করিলে ছেদবিন্দুর ভুজগুলি আমরা নিম্ন-সমীকরণ হইতে পাই

$$x^2+(mx+c)^2=a^2,$$

$$\text{বা,}\quad x^2(1+m^2)+2mcx+(c^2-a^2)=0.$$

(i) এবং (ii)-এর ছিন্ন জ্যা-র প্রান্তবিন্দুদ্বয়ের স্থানাঙ্ক (x_1, y_1) ও (x_2, y_2) হইলে, x_1, x_2 উপরিস্থ সমীকরণের বীজ বলিয়া $x_1+x_2=-\dfrac{2mc}{1+m^2}$.

এক্ষণে, জ্যা-র মধ্যবিন্দুর স্থানাঙ্ক (X, Y) হইলে

$$X=\tfrac{1}{2}(x_1+x_2)=-\frac{mc}{1+m^2}.$$

আবার, X, Y (ii) সরলরেখার উপর অবস্থিত বলিয়া $Y=mX+c$.

এই দুই সমীকরণ হইতে c অপসারিত করিলে

$$X=-\frac{m}{1+m^2}(Y-mX), \text{ or, } X+mY=0.$$

c নিরপেক্ষ বলিয়া এই সমীকরণ এই সমান্তরাল প্রস্থের সমস্ত জ্যা-র মধ্যবিন্দুর স্থানাঙ্ক দ্বারা সিদ্ধ অর্থাৎ এই সমীকরণ নির্দেশিত সরলরেখা সমস্ত জ্যা-র মধ্যবিন্দুগামী। স্পষ্টতঃই ইহা মূলবিন্দু অর্থাৎ বৃত্তের কেন্দ্রগামী একটি সরলরেখা নির্দেশ করে। অতএব, ইহা একটি ব্যাস।

Examples IV

1. Obtain the equation to a circle having its centre at (3, 7) and diameter 10.

What is the length of the intercept of this circle on the y-axis ? [H. S. 1960, Compartmental]

2. The extremities of a diameter of a circle have co-ordinates (−4, 3) and (12, −1). Find the equation to the circle. What length does it intercept on the y-axis ?

[H. S. 1961, Compartmental]

3. Show that the equation $3x^2 + 3y^2 - 5x - 6y + 4 = 0$ represents a circle, and find its radius and co-ordinates of its centre.

4. Obtain the equation to the circle passing through the points (3, 4), (3, −6), (−1, 2), and determine its centre and radius. [H. S. 1961]

5. Obtain the co-ordinates of the centre of the circle passing through the points (1, 2), (3, −4), (5, −6) and determine the length of its diameter.

Is the origin inside or outside the circle ? [H. S. 1960]

6. Find the equation to a circle which passes through the points (0, −3) and (3, −4) and which has its centre on the straight line $2x - 5y + 12 = 0$.

7. Find the equation to the circle passing through the origin and having intercepts 4 and −6 on the x-axis and y-axis respectively.

8. Find the equations to the circles which touch the axis of x and pass through the points (1, −2) and (3, −4).

9. A and B are two fixed points on a plane and the point P moves on the plane in such a way that PA = 2PB always. Prove analytically that the locus of P is a circle.

[H. S. 1961, Compartmental]

10. B, C are fixed points having co-ordinates (3, 0) and (−3, 0) respectively. If the vertical angle BAC be 90°, show that the locus of the centroid of the triangle ABC is a circle whose equation you are to determine. [H. S. 1961]

11. (i) Find the length of the chord of the circle $x^2+y^2=64$, intercepted on the straight line $3x+4y-c=0$.

(ii) Obtain the co-ordinates of the points of contact of any one of the two tangents to the above circle $x^2+y^2=64$, parallel to the line $3x+4y-c=0$. [H. S. 1960]

12. Prove that the straight line $y=x+a\sqrt{2}$ touches the circle $x^2+y^2=a^2$, and find its point of contact. [H. S. 1961]

13. Show that the line $3x+4y+7=0$ touches the circle $x^2+y^2-4x-6y-12=0$, and find its point of contact.

14. Determine whether the straight line $x+y=2+\sqrt{2}$ touches the circle $x^2+y^2-2x-2y+1=0$. If it does, find the co-ordinates of the point of contact.

15. Find the equation to the circle

(i) having its centre at the point (3, 4) and touching the straight line $5x+12y+2=0$;

(ii) having its centre at (1, −3) and touching the straight line $2x-y-4=0$.

16. Find the points at which the tangents to the circle $x^2+y^2-6x+8y=0$ is parallel to the line $3x+4y=0$.

17. Find the points on the circle $x^2+y^2-2x+6y-58=0$ at which the tangents are perpendicular to the line $4x-y=2$.

18. Show that the two circles

(i) $x^2+y^2+6x+14y+9=0$ and $x^2+y^2-4x-10y-7=0$ touch each other externally ;

(ii) $x^2+y^2-6x+6y-18=0$ and $x^2+y^2-2y=0$ touch each other internally.

19. Find the length of the tangent drawn from

(i) the point $(-3, 11)$ to the circle $x^2+y^2-4x+2y-20=0$;

(ii) the point $(7, 2)$ to the circle $2x^2+2y^2+5x+y-15=0$.

20. Show that the locus of the points from which the lengths of the tangents to the circles $x^2+y^2-3x+4y-7=0$ and $x^2+y^2+2x-5y+1=0$ are equal, is a straight line perpendicular to the line joining the centres of the circles.

ANSWERS

1. $x^2+y^2-6x-14y+33=0$; 8.

2. $x^2+y^2-8x-2y-51=0$; $4\sqrt{13}$.

3. $\frac{1}{2}\sqrt{13}$; $(\frac{5}{6}, 1)$. **4.** $x^2+y^2-6x+2y-15=0$; $(3, -1)$; 5.

5. $(11, 2)$; 20; outside. **6.** $x^2+y^2-8x-8y-33=0$.

7. $x^2+y^2-4x+6y=0$.

8. $x^2+y^2-6x+4y+9=0$, $x^2+y^2+10x+20y+25=0$.

10. $x^2+y^2=1$. **11.** (i) $\frac{2}{5}\sqrt{1600-c^2}$. (ii) $(\frac{24}{5}, \frac{32}{5})$, or, $(-\frac{24}{5}, -\frac{32}{5})$

12. $\left(-\frac{a}{\sqrt{2}}, \frac{a}{\sqrt{2}}\right)$. **13.** $(-1, -1)$. **14.** Yes; $\left(1+\frac{1}{\sqrt{2}}, 1+\frac{1}{\sqrt{2}}\right)$.

15. (i) $x^2+y^2-6x-8y=0$. (ii) $5x^2+5y^2-10x+30y+49=0$.

16. $(6, 0)$ and $(0, -8)$. **17.** $(3, 5)$ and $(-1, -11)$.

19. (i) 12. (ii) 8.

পঞ্চম অধ্যায়

কনিক (Conics)

5·1. সংজ্ঞা।

কোন সমতলের উপর একটি বিন্দু যদি এভাবে চলিয়া বেড়ায় যে, ঐ সমতলে অবস্থিত একটি নির্দিষ্ট বিন্দু এবং একটি নির্দিষ্ট সরলরেখা হইতে চলন্তবিন্দুর দুই দূরত্বের অনুপাত সতত ধ্রুবক থাকে, তবে ঐ চলন্তবিন্দুর সঞ্চারপথকে কনিক (Conic) বলা হয়।

ঐ নির্দিষ্ট বিন্দুকে Conic-এর **নাভি (focus)** এবং নির্দিষ্ট সরলরেখাকে Conic-এর **নিয়ামক (directrix)** বলা হয়। কনিকের নাভি সাধারণতঃ 'S' অক্ষর দ্বারা সূচিত হয়।

নিয়ামকের (directrix) উপর নাভিবিন্দুগামী লম্বরেখাকে Conic এর **অক্ষ** (axis) বলা হয়।

নির্দিষ্ট বিন্দু ও নির্দিষ্ট সরলরেখা হইতে চলন্তবিন্দুর দুই দূরত্বের ধ্রুবক অনুপাতকে Conic-এর **উৎকেন্দ্রতা (eccentricity)** বলা হয় এবং ইহা সাধারণতঃ 'e' অক্ষর দ্বারা সূচিত হয়।

উৎকেন্দ্রতার মান-অনুসারে Conic ভিন্ন ভিন্ন নামে পরিচিত।

'e' (উৎকেন্দ্রতা) 1 এর সমান হইলে Conic **অধিবৃত্ত (Parabola)**, 'e', 1 অপেক্ষা ক্ষুদ্রতর হইলে Conic উপবৃত্ত (Ellipse) এবং 'e', 1 অপেক্ষা বৃহত্তর হইলে Conic পরাবৃত্ত (Hyperbola) নামে অভিহিত হয়।

দ্রষ্টব্য। কোন শঙ্কুকে (cone) একটি সমতল দ্বারা বিভিন্ন প্রকারে ছেদ করাইয়া এই বক্ররেখাবদ্ধ চিত্রগুলির প্রথম উদ্ভব বলিয়া ইহাদিগকে Conic নামে অভিহিত করা হইয়াছে।

5·2. অধিবৃত্ত (Parabola)।

(A) অধিবৃত্তের অক্ষ এবং নিয়ামককে যথাক্রমে ভুজাক্ষ ও কোটি-অক্ষ ধরিয়া অধিবৃত্তের সমীকরণ।

মনে কর, নির্দিষ্ট বিন্দু S এবং নির্দিষ্ট সরলরেখা MM′ যথাক্রমে অধিবৃত্তের নাভি (focus) এবং নিয়ামক (directrix), এবং S বিন্দুগামী OSX সরলরেখা নিয়ামক (directrix) MM′ এর উপর O বিন্দুতে লম্ব। সুতরাং, OSX রেখা অধিবৃত্তের অক্ষ।



মনে কর, OX, x-অক্ষ এবং নিয়ামক (directrix)এর বরাবর OY, y-অক্ষ, অধিবৃত্তের উপর যে-কোন বিন্দু P এর স্থানাঙ্ক (x, y). PN ও PM যদি P বিন্দু হইতে যথাক্রমে OX ও OY এর উপর লম্ব হয়, তবে

$$PM = ON = x, \quad PN = y.$$

নিয়ামক (directrix) হইতে S বিন্দুর দূরত্ব OS ধর d. সুতরাং, S এর স্থানাঙ্ক $(d, 0)$.

অধিবৃত্তের সংজ্ঞা হইতে

$$\frac{PS}{PM} = 1, \text{ বা, } PS = PM. \quad \therefore \quad PS^2 = PM^2,$$

বা, $(x-d)^2 + y^2 = x^2$

$\therefore$ $y^2 = 2d(x - \frac{1}{2}d)$. $d = 2a$ ধরিলে, এই সমীকরণ নিম্নের আকারে লেখা যায়

$$\mathbf{y^2 = 4a(x - a)}. \qquad \dots\dots \qquad \dots\dots \quad (i)$$

A, OS এর মধ্যবিন্দু হইলে, $OA = AS = a$.

তাহা হইলে, A বিন্দুর স্থানাঙ্ক $(a, 0)$. এই স্থানাঙ্ক (i) সমীকরণকে সিদ্ধ

করে। সুতরাং, A অধিবৃত্তের উপর অবস্থিত একটি বিন্দু। এই A বিন্দুকে অধিবৃত্তের **শীর্ষবিন্দু** (vertex) বলা হয়।

(B) অধিবৃত্তের সমীকরণের আদর্শ আকার।

অধিবৃত্তের শীর্ষবিন্দুতে মূলবিন্দু স্থানান্তরিত করিলে অধিবৃত্ত-নির্দেশক সমীকরণ (i) নিম্নের আকারে পরিণত হয়

$$y^2 = 4ax. \qquad \ldots \qquad \ldots. \quad \text{(ii)}$$

ইহাই অধিবৃত্তের সমীকরণের আদর্শ আকার।

এখানে, অধিবৃত্তের শীর্ষবিন্দু মূলবিন্দু, ইহার অক্ষ ভুজাক্ষ এবং শীর্ষবিন্দুগামী নিয়ামকের সমান্তরাল একটি সরলরেখা কোটি-অক্ষ। নাভি (focus) হইতে শীর্ষবিন্দু এবং নিয়ামক হইতে শীর্ষবিন্দুর লম্ব-দূরত্ব উভয়ই a র সমান।

দ্রষ্টব্য। অধিবৃত্তের আকার এবং উহার প্রধান প্রধান ধর্ম সম্বন্ধে আলোচনার জন্য ষষ্ঠ অধ্যায় দেখ।

5·3. উপবৃত্ত (Ellipse)।

(A) নিয়ামক (directrix)-কে y-অক্ষ এবং নাভিবিন্দুগামী ইহার লম্বরেখাকে x-অক্ষ ধরিয়া উপবৃত্তের সমীকরণ।



মনে কর, S উপবৃত্তের নাভি, MM′ ইহার নিয়ামক (directrix) এবং 'e' (<1) ইহার উৎকেন্দ্রতা (eccentricity), MM′ রেখার উপর লম্ব OSX রেখা x-অক্ষ এবং নিয়ামক (directrix) বরাবর OY রেখা y-অক্ষ। ধর, উপবৃত্তের উপর যে-কোন বিন্দু P এর স্থানাঙ্ক (x, y) এবং নিয়ামক (directrix) হইতে নাভির দূরত্ব SO, d ধর। P বিন্দু হইতে নিয়ামক (directrix) এর উপর PM লম্ব হইলে, $PM = x$.

এক্ষণে, উপবৃত্তের সংজ্ঞা হইতে

$$\frac{\mathrm{PS}}{\mathrm{PM}} = e \text{ বা, } \mathrm{PS} = e.\,\mathrm{PM}. \quad \therefore\ \mathrm{PS}^2 = e^2.\,\mathrm{PM}^2.$$

$\therefore$ S বিন্দুর স্থানাঙ্ক $(d, 0)$ বলিয়া

$$(x-d)^2 + y^2 = e^2x^2. \qquad \cdots \qquad \cdots \quad \text{(i)}$$

নিয়ামক (directrix) কে y-অক্ষ এবং S বিন্দুগামী ইহার লম্বরেখাকে x-অক্ষ ধরিলে ইহাই উপবৃত্তের সমীকরণ। বলা বাহুল্য, নিয়ামক (directrix) হইতে নাভির দূরত্ব d.

(B) উপবৃত্তের সমীকরণের আদর্শ আকার।

উপরিলিখিত (i) সমীকরণ নিম্নের আকারে লেখা যায়

$$x^2(1-e^2) - 2dx + d^2 + y^2 = 0,$$

$$\text{বা, } (1-e^2)\left(x - \frac{d}{1-e^2}\right)^2 + y^2 = \frac{d^2}{1-e^2} - d^2 = \frac{d^2e^2}{1-e^2},$$

$$\text{বা, } \left(x - \frac{d}{1-e^2}\right)^2 + \frac{y^2}{1-e^2} = \left(\frac{de}{1-e^2}\right)^2.$$

$a = \dfrac{de}{1-e^2}$ ধরিয়া এবং অক্ষদ্বয় সমান্তরাল রাখিয়া মূলবিন্দু O কে C বিন্দুতে $\left(\dfrac{d}{1-e^2}, 0\right)$ অর্থাৎ $\left(\dfrac{a}{e}, 0\right)$ বিন্দুতে স্থানান্তরিত করিলে উপবৃত্তের সমীকরণের নিম্নের আদর্শ আকার হয়।

$$\frac{x^2}{a^2} + \frac{y^2}{a^2(1-e^2)} = 1,$$

$$\text{অর্থাৎ } \quad \mathbf{\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1}, \quad \text{যখন } \mathbf{b^2 = a^2(1-e^2)}.$$

এখানে C বিন্দুকে উপবৃত্তের **কেন্দ্র** বলা হয়।

দ্রষ্টব্য। উপবৃত্তের আকৃতি এবং উহার মৌলিক ধর্ম-সম্বন্ধীয় আলোচনা সপ্তম অধ্যায়ে দেখ।

5·4. পরাবৃত্ত (Hyperbola)।

(A) নিয়ামককে y-অক্ষ এবং নাভিবিন্দুগামী নিয়ামকের লম্বরেখাকে x-অক্ষ ধরিয়া পরাবৃত্তের সমীকরণ।

মনে কর, S পরাবৃত্তের নাভি, MM′ ইহার নিয়ামক এবং ‘e’ (> 1) ইহার উৎকেন্দ্রতা, MM′ রেখার উপর লম্ব OSX রেখা x-অক্ষ এবং নিয়ামক MM′ বরাবর OY রেখা y-অক্ষ। ধর, পরাবৃত্তের উপর যে-কোন বিন্দু P এর



স্থানাঙ্ক (x, y) এবং নিয়ামক হইতে নাভির দূরত্ব SO, d ধর। P বিন্দু হইতে নিয়ামকের উপর PM লম্ব হইলে $PM = x$.

এক্ষণে, পরাবৃত্তের সংজ্ঞানুসারে

$$\frac{PS}{PM} = e \text{ বা, } PS = e . PM. \quad \therefore \; PS^2 = e^2 . PM^2.$$

∴ S বিন্দুর স্থানাঙ্ক $(d, 0)$ বলিয়া

$$(x-d)^2 + y^2 = e^2x^2. \quad \cdots \quad \cdots \quad \text{(i)}$$

নিয়ামককে y-অক্ষ এবং নাভিবিন্দুগামী ইহার লম্বরেখাকে x-অক্ষ ধরিলে এবং নাভিবিন্দু হইতে নিয়ামকের দূরত্ব d মনে রাখিলে ইহাই পরাবৃত্তের সমীকরণ হইবে।

(B) পরাবৃত্তের সমীকরণের আদর্শ আকার।

উপরিলিখিত সমীকরণ (i) নিম্নের আকারে লেখা যায়

$$x^2(e^2-1) + 2dx - y^2 = d^2, \text{ এখানে } e > 1.$$

বা, $$(e^2-1)\left(x + \frac{d}{e^2-1}\right)^2 - y^2 = d^2 + \frac{d^2}{e^2-1} = \frac{e^2d^2}{e^2-1},$$

বা, $$\left(x + \frac{d}{e^2-1}\right)^2 - \frac{y^2}{e^2-1} = \left(\frac{de}{e^2-1}\right)^2.$$

$\frac{de}{e^2-1} = a$ ধরিয়া এবং অক্ষদ্বয় সমান্তরাল রাখিয়া মূলবিন্দু O কে C বিন্দুতে

$\left(-\frac{d}{e^2-1}, 0\right)$ অর্থাৎ $\left(-\frac{a}{e}, 0\right)$ বিন্দুতে স্থানান্তরিত করিলে পরাবৃত্তের সমীকরণ নিম্নের আদর্শ আকারে পরিণত হয়

$$\frac{x^2}{a^2} - \frac{y^2}{a^2(e^2-1)} = 1$$

বা, $\mathbf{\frac{x^2}{a^2}-\frac{y^2}{b^2}=1}$, যখন $\mathbf{b^2=a^2(e^2-1)}$.

এখানে মূলবিন্দু C নাভিবিন্দুর বিপরীত দিকে নাভিবিন্দুগামী নিয়ামকের লম্বের উপর নিয়ামক রেখা হইতে $\frac{d}{e^2-1}$ বা $\frac{a}{e}$ দূরে অবস্থিত। এই C বিন্দুকে পরাবৃত্তের কেন্দ্র বলে।

চিত্র হইতে $CS = d + \frac{d}{e^2-1} = \frac{de^2}{e^2-1} = ae.$

দ্রষ্টব্য। পরাবৃত্তের আকার এবং উহার মৌলিক ধর্ম-সম্বন্ধীয় আলোচনা অষ্টম অধ্যায়ে দেখ।

5·5. উদাহরণাবলী।

1. *Find out the equation to the parabola whose focus is* $(-3, 4)$ *and directrix is* $6x-7y+5=0$. [*H. S. 1961.*]

অধিবৃত্তের উপর যে-কোন বিন্দুর স্থানাঙ্ক, মনে কর, (x_1, y_1). নির্দিষ্ট নাভিবিন্দু $(-3, 4)$ হইতে ইহার দূরত্ব $\sqrt{(x_1+3)^2+(y_1-4)^2}$ এবং নির্দিষ্ট নিয়ামক রেখা $6x-7y+5=0$ হইতে ইহার লম্ব-দূরত্ব $\frac{6x_1-7y_1+5}{\sqrt{6^2+7^2}}$.

অধিবৃত্তের ক্ষেত্রে এই দুই দূরত্ব সমান।

সুতরাং, $(x_1+3)^2+(y_1-4)^2=\frac{(6x_1-7y_1+5)^2}{6^2+7^2}$. অতএব, অধিবৃত্তের উপরিস্থ যে-কোন বিন্দুর স্থানাঙ্ক (x_1, y_1) নিম্নের সমীকরণ সিদ্ধ করে।

$$85\{(x+3)^2+(y-4)^2\}=(6x-7y+5)^2,$$

বা, $49x^2+84xy+36y^2+450x-610y+2100=0.$

ইহাই অধিবৃত্তের নির্ণেয় সমীকরণ।

2. *Find the equation to the ellipse, whose focus is the point* $(-1, 1)$ *and directrix is the line* $x-y+3=0$, *and whose eccentricity is* $\frac{1}{2}$.

মনে কর, উপবৃত্তের উপর যে-কোন বিন্দুর স্থানাঙ্ক (x_1, y_1). প্রদত্ত নাভিবিন্দু $(-1, 1)$ হইতে ইহার দূরত্ব $\sqrt{(x_1+1)^2+(y_1-1)^2}$ এবং প্রদত্ত নিয়ামক-রেখা $x-y+3=0$ হইতে ইহার লম্ব-দূরত্ব $\dfrac{x_1-y_1+3}{\sqrt{1+1}}$.

উপবৃত্তের উপর যে-কোন বিন্দুর ক্ষেত্রে এই দুই দূরত্বের অনুপাত প্রদত্ত উৎকেন্দ্রতা $\frac{1}{2}$ এর সমান।

$$\therefore \quad \sqrt{(x_1+1)^2+(y_1-1)^2}=\frac{1}{2}\cdot\frac{x_1-y_1+3}{\sqrt{2}}$$

$$\text{বা,} \quad 8\{(x_1+1)^2+(y_1-1)^2\}=(x_1-y_1+3)^2.$$

অতএব, উপবৃত্তের উপর অবস্থিত যে-কোন বিন্দুর স্থানাঙ্ক (x_1, y_1) নিম্নের সমীকরণ সিদ্ধ করে

$$8\{(x+1)^2+(y-1)^2\}=(x-y+3)^2,$$

$$\text{বা,} \quad 7x^2+2xy+7y^2+10x-10y+7=0.$$

ইহাই প্রস্তাবিত উপবৃত্তের নির্ণেয় সমীকরণ।

ষষ্ঠ অধ্যায়

অধিবৃত্ত (Parabola)

6·1. অধিবৃত্ত (Parabola)।

অধিবৃত্তের সংজ্ঞা পুর্ববর্তী অধ্যায়েই দেওয়া হইয়াছে। তদনুসারে, কোন সমতলের উপর একটি নির্দিষ্ট বিন্দু ও একটি নির্দিষ্ট সরলরেখা দেওয়া থাকিলে, ঐ সমতলের উপর একটি চলন্তবিন্দুর নির্দিষ্ট বিন্দু হইতে দূরত্ব এবং প্রদত্ত সরলরেখা হইতে লম্ব-দূরত্ব যদি সর্বদাই সমান থাকে, তবে ঐ চলন্তবিন্দু একটি বক্ররেখা উৎপন্ন করে, এবং এই বক্ররেখাকে অধিবৃত্ত বলা হয়।

নির্দিষ্ট বিন্দুটি অধিবৃত্তের **নাভি** (focus) এবং নির্দিষ্ট সরলরেখা ইহার **নিয়ামক** (directrix) নামে অভিহিত।

6·2. অধিবৃত্তের সমীকরণের আদর্শ আকার।

মনে কর, S অধিবৃত্তের নাভিবিন্দু এবং MM′ ইহার নিয়ামক রেখা। S বিন্দু



হইতে MM′ এর উপর SZ লম্ব টান এবং মনে কর, ZS এর মধ্যবিন্দু A. যেহেতু, AS = AZ, ∴ A অধিবৃত্তের উপর একটি বিন্দু। এই A বিন্দু অধিবৃত্তের শীর্ষবিন্দু (vertex) নামে অভিহিত।

নাভিবিন্দু S হইতে শীর্ষবিন্দু A-র দূরত্ব, ধর a. তাহা হইলে $AZ = a$ এবং $SZ = 2a$.

মনে কর, A মূলবিন্দু, S বিন্দুগামী নিয়ামকের লম্বরেখা ASX, x-অক্ষ এবং A বিন্দুগামী নিয়ামকের সমান্তরাল রেখা AY, y-অক্ষ। S বিন্দুর স্থানাঙ্ক $(a, 0)$.

অধিবৃত্তের উপর যে-কোন বিন্দুর স্থানাঙ্ক (x, y) হইলে যদি PN, PM, P বিন্দু হইতে যথাক্রমে AX এবং নিয়ামক MM′ এর উপর অঙ্কিত লম্ব হয়, তবে $PM = ZN = AZ + AN = a + x$.

এক্ষণে, অধিবৃত্তের সংজ্ঞা হইতে

$$PS = PM \text{ বা, } PS^2 = PM^2.$$

$$\therefore \quad (x-a)^2 + y^2 = (a+x)^2.$$

$$\therefore \quad \mathbf{y^2 = 4ax}.$$

অধিবৃত্তের উপরিস্থ যে-কোন বিন্দুর স্থানাঙ্ক দ্বারা এই শর্ত সিদ্ধ হওয়ায় অধিবৃত্তের শীর্ষবিন্দুকে মূলবিন্দু ধরিয়া ইহাই অধিবৃত্তের সমীকরণের আদর্শ আকার।

এখানে 'a' নাভিবিন্দু অথবা নিয়ামক-রেখা হইতে অধিবৃত্তের শীর্ষবিন্দুর দূরত্ব, এবং x-অক্ষরূপে মনোনীত নিয়ামকের লম্ব S বিন্দুগামী AX রেখা অধিবৃত্তের **'অক্ষ'** (axis)-রূপে পরিচিত।

দ্রষ্টব্য। পূর্ববর্তী অধ্যায়ে Z বিন্দুকে মূলবিন্দু ধরিয়া অধিবৃত্তের সমীকরণ প্রথমে স্থির করা হয়। পরে A বিন্দুতে মূলবিন্দু স্থানান্তর করার পর উপরের লিখিত আদর্শ আকারে ঐ সমীকরণ নির্ণীত হইয়াছে।

6·3. অধিবৃত্তের আকৃতি এবং মৌলিক ধর্ম।

$y^2 = 4ax$ সমীকরণ হইতে ইহা স্পষ্ট বুঝা যায় যে, x ঋণাত্মক হইলে, y^2 ও



ঋণাত্মক হইবে এবং সেইক্ষেত্রে y এর মান কাল্পনিক হইবে। অতএব, $y^2=4ax$ সমীকরণ-নির্দেশিত অধিবৃত্তের কোন অংশ মূলবিন্দু A-র বাম পার্শ্বে অবস্থিত নয়। ইহার সমস্ত অংশ y-অক্ষ-নির্দেশক AY রেখার দক্ষিণ পার্শ্বে অবস্থিত।

আবার, x-এর মান ধনাত্মক হইলে প্রতি ক্ষেত্রেই y-এর দুইটি সমান ও বিপরীত মান পাওয়া যায়। সুতরাং, y $(=PN)$ পরিমিত ধনাত্মক কোটি-বিশিষ্ট অধিবৃত্তের উপরিস্থ এক বিন্দু P-র সমতুল্য অধিবৃত্তের উপর একই ভুজ $x(=AN)$-বিশিষ্ট অপর একটি বিন্দু P′ আছে যাহার কোটি P বিন্দুর কোটির সমমান কিন্তু ঋণাত্মক; x-অক্ষ AX-এর লম্ব PNP′-জাতীয় অধিবৃত্তের সমস্ত জ্যা AX রেখা কর্তৃক সমদ্বিখণ্ডিত। ভুজ x যখন কমিতে কমিতে শেষপর্যন্ত 0 হয়, তখন সমমান কিন্তু বিপরীত দুই কোটিও 0 হয় এবং বিন্দুটি অধিবৃত্তের শীর্ষবিন্দু এবং মূলবিন্দুর সহিত এক হইয়া যায়। আবার, যখন ভুজ x ক্রমশঃ বড় হইতে থাকে, তখন y-এর মানও বড় হইতে থাকে। সুতরাং, অধিবৃত্তের আকৃতি চিত্রের মত বাম প্রান্তে A বিন্দুতে সীমাবদ্ধ এবং দক্ষিণ প্রান্তে মুক্ত। সম্পূর্ণ অধিবৃত্তটি OX অক্ষের উভয় পার্শ্বে প্রতিসম।

এই ধর্মের জন্যই OX রেখাকে অধিবৃত্তের অক্ষ এবং A বিন্দুকে ইহার শীর্ষবিন্দু নামে অভিহিত করা হয়।

নিয়ামকের সমান্তরাল (অর্থাৎ অক্ষের লম্ব) এবং অক্ষ কর্তৃক সমদ্বিখণ্ডিত PNP′ জ্যা-কে ডবল কোটি বলা হয়। PN অথবা P′N-কে, P অথবা P′ বিন্দুর কোটি বলা হয়।

নিয়ামকের সমান্তরাল (অর্থাৎ অক্ষের লম্ব) S বিন্দুগামী LSL′ জ্যা-কে **নাভিলম্ব** (latus rectum) বলা হয়।

নাভিলম্বের প্রান্তবিন্দু L হইতে নিয়ামকের উপর লম্ব যদি LM হয়, তবে অধিবৃত্তের ধর্মানুসারে $LS=LM=ZS=2AS=2a$,

অতএব, **নাভিলম্ব** $=4a$

অর্থাৎ, নাভিলম্ব শীর্ষবিন্দু হইতে নাভির দূরত্বের চারিগুণ অথবা নিয়ামক-রেখা হইতে নাভির দূরত্বের দ্বিগুণ।

অধিবৃত্তের সমীকরণ $y^2=4ax$ অধিবৃত্তের জ্যামিতিক ধর্ম $PN^2=4AS.AN$ সূচিত করে অর্থাৎ অধিবৃত্তের উপরিস্থ কোন বিন্দুর কোটির উপর অঙ্কিত বর্গক্ষেত্র সেই বিন্দুর ভুজ এবং অধিবৃত্তের নাভিলম্বের অন্তর্গত আয়তক্ষেত্রের সমান।

অধিবৃত্তের আদর্শ আকারের সমীকরণ হইতে আমরা প্রধানতঃ জানিতে পারি

অধিবৃত্তের (i) শীর্ষবিন্দুই মূলবিন্দু ;
(ii) নাভিলম্বের দৈর্ঘ্য $4a$;
(iii) নাভির স্থানাঙ্ক $(a, 0)$;
(iv) $x = -a$, নিয়ামকের সমীকরণ ;
(v) অক্ষই ভুজাক্ষ ;
এবং (vi) নাভিলম্বের প্রান্তবিন্দুদ্বয় L এবং L′ এর স্থানাঙ্ক যথাক্রমে $(a, 2a)$ এবং $(a, -2a)$.

দ্রষ্টব্য। (i) $\mathbf{x^2=4ay}$, (ii) $\mathbf{y^2=-4ax}$ এবং (iii) $\mathbf{x^2=-4ay}$ সমীকরণত্রয়।

(i) অধিবৃত্তের শীর্ষবিন্দুকে মূলবিন্দু, x-অক্ষ নিয়ামকের সমান্তরাল, অধিবৃত্তের অক্ষ (নাভিবিন্দুগামী নিয়ামকের লম্ব) y-অক্ষ বরাবর এবং নাভিলম্বের দৈর্ঘ্য পূর্ববৎ $4a$ ধরিলে অধিবৃত্তের সমীকরণ $x^2=4ay$ হয় এবং অধিবৃত্তের আকৃতি নিম্নচিত্রের মত হয়।



$x^2=4ay$

এখানে, নাভিবিন্দুর স্থানাঙ্ক $(0, a)$ এবং নিয়ামকের সমীকরণ $y=-a$. নাভিলম্বের প্রান্তবিন্দুদ্বয় L এবং L′এর স্থানাঙ্ক যথাক্রমে $(2a, a)$ এবং $(-2a, a)$.

(ii) x-অক্ষের ধনাত্মক দিক্ যদি অধিবৃত্তের শীর্ষবিন্দু হইতে নিয়ামকের দিকে ধরা হয়, তাহা হইলে শীর্ষবিন্দু হইতে নাভিবিন্দুর দিক্ ঋণাত্মক হইবে। তখন, $y^2=4ax$ সমীকরণের পরিবর্তিত আকার $y^2=-4ax$ হইবে এবং ইহার নির্দেশিত অধিবৃত্তের আকৃতি নিম্নের বাম দিকের চিত্রের মত হইবে। অধিবৃত্তের অবতলভাগ (concavity) x-অক্ষের ঋণাত্মক দিকে হইবে।

এখানে, নাভিবিন্দুর স্থানাঙ্ক $(-a, 0)$ এবং $x = a$ রেখা নিয়ামক।

অনুরূপভাবে, $x^2 = 4ay$ সমীকরণে y-অক্ষের ধনাত্মক দিক্ যদি বিপরীত দিকে



$y^2 = -4ax$

$-4ay$

ধরা যায়, তবে সমীকরণটি $x^2 = -4ay$ হইয়া দাঁড়ায় এবং অধিবৃত্তের আকৃতি উপরের দক্ষিণ দিকের চিত্রের মত হয় এবং অধিবৃত্তের অবতলপার্শ্ব (concavity) y-অক্ষের ঋণাত্মক দিকে থাকে।

নাভিবিন্দুর স্থানাঙ্ক $(0, -a)$ এবং নিয়ামক-রেখার সমীকরণ $y = a$.

*6·4. $y^2 = 4ax$ অধিবৃত্তের উপরিস্থ (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ।



মনে কর, $y^2 = 4ax$ ……(i) অধিবৃত্তের উপরিস্থ P বিন্দুর স্থানাঙ্ক (x_1, y_1) এবং [illegible] অপর এক বিন্দু Q এর স্থানাঙ্ক (x_2, y_2).

PQ জ্যা-র সমীকরণ $y - y_1 = \dfrac{y_2 - y_1}{x_2 - x_1}(x - x_1)$. ··· (ii)

এক্ষণে, উভয় বিন্দু P ও Q, $y^2 = 4ax$ অধিবৃত্তের উপর অবস্থিত বলিয়া

$$y_1^2 = 4ax_1 \quad \cdots \quad \text{(iii)} \quad \text{এবং} \quad y_2^2 = 4ax_2 \quad \cdots \quad \text{(iv)}.$$

∴ (iv) হইতে (iii) বিয়োগ করিয়া

$$y_2^2 - y_1^2 = 4a(x_2 - x_1),$$

বা $\dfrac{y_2 - y_1}{} = 4a$.

∴ (ii) সমীকরণ নিম্নলিখিতভাবে লেখা যায়

$$y - y_1 = \frac{4a}{y_2 + y_1}(x - x_1) \quad \cdots \quad \text{(v)}$$

এক্ষণে, P বিন্দুকে কেন্দ্র করিয়া PQ রেখাকে এমনভাবে ঘুরাইতে থাক, যেন Q বিন্দু ক্রমশঃ P বিন্দুর নিকটবর্তী হইতে হইতে শেষপর্যন্ত P বিন্দুর সহিত একেবারে মিশিয়া যায়। সুতরাং, Q বিন্দুর স্থানাঙ্ক (x_2, y_2) P বিন্দুর স্থানাঙ্ক (x_1, y_1)এর সহিত অভিন্ন হইয়া যাইবে এবং তখন PQ সরলরেখা P বিন্দুতে অধিবৃত্তের স্পর্শক হইবে এবং (v) হইতে উহার সমীকরণ দাঁড়াইবে

$$y - y_1 = \frac{4a}{2y_1}(x - x_1),$$

বা, $yy_1 - y_1^2 = 2a(x - x_1)$,

অর্থাৎ, $yy_1 = y_1^2 + 2a(x - x_1) = 4ax_1 + 2a(y - y_1)$

[(iii) এর সাহায্যে]

বা $yy_1 = 2a(x + x_1)$.

∴ (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ

$$\mathbf{yy_1 = 2a(x + x_1)}.$$

অনুসিদ্ধান্ত। y-অক্ষ $y^2 = 4ax$ অধিবৃত্তের শীর্ষবিন্দুতে স্পর্শক।

*6·5. $y^2 = 4ax$ অধিবৃত্তের উপরিস্থ (x_1, y_1) বিন্দুতে অভিলম্বের সমীকরণ।

$y^2 = 4ax$ অধিবৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ $yy_1 = 2a(x + x_1)$,

বা, $y=\frac{2a}{y_1}(x+x_1)$, ∴ ইহার ‘m’ $=\frac{2a}{y_1}$.

আবার, অভিলম্ব স্পর্শকের উপব লম্ব হওয়ায় অভিলম্বের ‘m’ $=-\frac{y_1}{2a}$,
এবং ইহা x_1, y_1 বিন্দুগামী

∴ অভিলম্বের সমীকবণ

$$y-y_1=-\frac{y_1}{2a}(x-x_1).$$

* 6·6. স্পর্শক ও অভিলম্বের ধর্মাবলী ; উপ-স্পর্শক (Sub-tangent) ও উপ-অভিলম্ব (Sub-normal)।



অধিবৃত্তের কোন বিন্দুতে স্পর্শক এবং সেই বিন্দুর কোটি-নির্দেশক বেখা অধিবৃত্ত অক্ষের যে দুই বিন্দুতে ছেদ করে, সেই দুই বিন্দুর মধ্যবর্তী অধিবৃত্ত অক্ষের দৈর্ঘ্য **উপ-স্পর্শক** (sub-tangent) নামে অভিহিত।

অধিবৃত্তেব কোন বিন্দুতে অভিলম্ব এবং সেই বিন্দুর কোটি-নির্দেশক রেখা অধিবৃত্ত অক্ষ হইতে যে অংশ ছিন্ন করে, সেই ছিন্ন অংশের দৈর্ঘ্যকে **উপ-অভিলম্ব** (sub-normal) বলা হয়।

P বিন্দুতে স্পর্শক PT এবং অভিলম্ব PG যদি অধিবৃত্ত-অক্ষকে যথাক্রমে T ও G বিন্দুতে ছেদ করে এবং PN যদি P-র কোটি হয়, তবে TN উপ-স্পর্শক ও NG উপ-অভিলম্ব।

P(x_1, y_1) বিন্দুতে স্পর্শকের $yy_1=2a(x+x_1)$ সমীকরণে $y=0$

বসাইলে স্পর্শক অক্ষকে যে T বিন্দুতে ছেদ করে তাহা পাওয়া যায়। এখানে T বিন্দুর ক্ষেত্রে $x+x_1=0$ অর্থাৎ $x=-x_1$.

$\therefore$ মানের ব্যাপারে AT = AN, কিন্তু T বিন্দু A বিন্দুর ঋণাত্মক দিকে অবস্থিত।

AT এবং ANএর এই সম্পর্ক হইতে আমরা অধিবৃত্তের নিম্নলিখিত জ্যামিতিক ধর্ম পাই—অধিবৃত্তের যে-কোন বিন্দুর উপ-স্পর্শক শীর্ষবিন্দুতে সমদ্বিখণ্ডিত হয়।

আবার, P বিন্দুতে অভিলম্বের $y-y_1=-\dfrac{y_1}{2a}(x-x_1)$ সমীকরণে $y=0$ বসাইলে G বিন্দুর ক্ষেত্রে আমরা পাই

$$x-x_1=2a,$$

অর্থাৎ, $\quad \text{AG}-\text{AN}=2a,$

বা, $\quad \text{NG}=2a=$ নাভিলম্বের অর্ধেক।

সুতরাং, কোন বিন্দুর উপ-অভিলম্ব ধ্রুবক এবং নাভিলম্বের অর্ধেক।

আবার AT = AN এবং AS = AZ

$\therefore$ এই দুইটি যোগ করিয়া আমরা পাই

TS = ZN = PM (PM নিয়ামকের উপর লম্ব)
= SP.

$\therefore \quad \angle \text{SPT}=\angle \text{PTS}=$ একান্তর $\angle$TPM.

আবার, যেহেতু $\angle$TPG = 1 সমকোণ, $\quad\therefore\quad \angle \text{SPG}=\angle \text{SGP}.$

ইহা হইতে আমরা অধিবৃত্তের আরও জ্যামিতিক ধর্ম জানিতে পারি—

(i) অধিবৃত্তের কোন বিন্দুতে স্পর্শক ঐ বিন্দুর সহিত নাভির সংযোজক-রেখা এবং ঐ বিন্দু হইতে নিয়ামক-রেখার উপর অঙ্কিত লম্বের মধ্যবর্তী কোণ সমদ্বিখণ্ডিত করে;

(ii) অধিবৃত্তের কোন বিন্দুতে স্পর্শক, অক্ষ এবং বিন্দুর নাভি সংযোজক-রেখার সহিত সমান কোণ উৎপন্ন করে; এবং

(iii) অধিবৃত্তের কোন বিন্দুতে অভিলম্ব, অক্ষ এবং বিন্দুর নাভি সংযোজক-রেখার সহিত সমান কোণ উৎপন্ন করে।

* 6·7. $y=mx+c$ সরলরেখা কর্তৃক $y^2=4ax$ অধিবৃত্ত হইতে ছিন্ন জ্যা-র দৈর্ঘ্য।



অধিবৃত্তের সহিত প্রদত্ত সরলরেখার ছেদবিন্দুর স্থানাঙ্ক দ্বারা উভয় সমীকরণই সিদ্ধ হয়। সুতরাং, এই দুই সমীকরণে y অপনীত করিলে ছেদবিন্দুর ভুজ নিম্ন সমীকরণ হইতে পাওয়া যাইবে

$$(mx+c)^2=4ax,$$

বা, $m^2x^2+2(mc-2a)x+c^2=0$ .... (i)

এইটি x-এর দ্বিঘাত সমীকরণ বলিয়া, x-এর কেবলমাত্র দুইটি মান পাওয়া যায়। সেইজন্য $y=mx+c$ সরলরেখার সহিত $y^2=4ax$ অধিবৃত্তের দুইটি ছেদবিন্দু পাওয়া যাইবে এবং এই দুইবিন্দু বাস্তব এবং পৃথক, বাস্তব এবং অভিন্ন অথবা কাল্পনিক হইতে পারে।

মনে কর, ছেদবিন্দুদ্বয় হইল P এবং Q এবং উহাদের স্থানাঙ্ক যথাক্রমে (x_1, y_1) এবং (x_2, y_2). তাহা হইলে x_1 এবং x_2 (i) হইবে।

$$x_1+x_2=-\frac{2(mc-2a)}{m^2} \text{ এবং } x_1x_2=\frac{c^2}{m^2}.$$

$$(x_1-x_2)^2=(x_1+x_2)^2-4x_1x_2$$
$$=\frac{4(mc-2a)^2}{m^4}-\frac{4c^2}{m^2}=\frac{16(a^2-mca)}{m^4}.$$

আবার, P এবং Q প্রদত্ত রেখার উপর অবস্থিত বলিয়া

$$y_1 = mx_1 + c \text{ এবং } y_2 = mx_2 + c.$$

$$\therefore\ y_1 - y_2 = m(x_1 - x_2).$$

$\therefore$ PQ জ্যা-র দৈর্ঘ্য

$$= \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$$

$$= \sqrt{(x_1 - x_2)^2(1 + m^2)}$$

$$= \sqrt{\frac{16(a^2 - mca)(1 + m^2)}{m^4}}$$

$$= \frac{4}{m^2}\sqrt{a(a - mc)(1 + m^2)}.$$

অনুসিদ্ধান্ত। স্পর্শক হইবার শর্ত।

যখন দুইটি ছেদবিন্দু একেবারে মিলিয়া যাইবে অর্থাৎ যখন ছিন্ন জ্যা-র দৈর্ঘ্য 0 হইবে, তখন প্রদত্ত রেখাটি অধিবৃত্তকে স্পর্শ করিবে।

সুতরাং, প্রদত্ত সরলরেখা $y = mx + c$ অধিবৃত্ত $y^2 = 4ax$ কে স্পর্শ করিবার শর্ত

$$a - mc = 0, \text{ বা, } c = \frac{a}{m}.$$

6·8. 'm' এর যে-কোন মান হইলে $y = mx + \frac{a}{m}$ রেখা $y^2 = 4ax$ অধিবৃত্তের স্পর্শক হওয়ার প্রমাণ এবং স্পর্শবিন্দু নির্ণয়।

$y^2 = 4ax$ অধিবৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ

$$yy_1 = 2a(x + x_1),$$

$$\text{বা, } y = \frac{2a}{y_1}x + \frac{2ax_1}{y_1} \quad \ldots\ldots \quad \ldots\ldots \quad \text{(i)}$$

এক্ষণে, $y = mx + \frac{a}{m}$ .... (ii) রেখাটি যদি অধিবৃত্তের (x_1, y_1) বিন্দুতে স্পর্শক হয়, তবে (i) এবং (ii) সমীকরণ দুইটি অভিন্ন হইবে।

$$\therefore\ \frac{2a}{y_1} = m, \quad \frac{2ax_1}{y_1} = \frac{a}{m}.$$

$$\therefore\ x_1 = \frac{a}{m^2}, \quad y_1 = \frac{2a}{m}.$$

∴ যদি কল্পিত (x_1, y_1) বিন্দুটি $y^2 = 4ax$ অধিবৃত্তের উপর একটি বাস্তব বিন্দু হয়, শুধু সেই ক্ষেত্রেই (ii) সমীকরণ সূচিত-রেখাটি অধিবৃত্তকে স্পর্শ করিবে।

অর্থাৎ, যদি $\left(\frac{2a}{m}\right)^2 = 4a.\frac{a}{m^2}$

এবং ইহা সুস্পষ্টরূপে প্রতীয়মান।

অতএব, 'm' যাহাই হউক না কেন, $y = mx + \frac{a}{m}$ রেখা $y^2 = 4ax$ অধিবৃত্তকে স্পর্শ করে এবং স্পর্শবিন্দুর স্থানাঙ্ক

$$x_1 = \frac{a}{m^2}, \quad y_1 = \frac{2a}{m}.$$

* 6·9. $y^2 = 4ax$ অধিবৃত্তের উপরিস্থ বিন্দুর স্থানাঙ্ক একটিমাত্র চলের সাহায্যে প্রকাশ।

অধিবৃত্তের $y^2 = 4ax$ সমীকরণে আমরা যদি $x = at^2$ এবং $y = 2at$ বসাই, তবে আমরা দেখিতে পাই 't' এর সকল মানের ক্ষেত্রেই সমীকরণটি সিদ্ধ হয়। সুতরাং, $x = at^2$ এবং $y = 2at$ আকারে অধিবৃত্তের উপরিস্থ যে-কোন বিন্দুর স্থানাঙ্ক একমাত্র চল 't' এর সাহায্যে প্রকাশ করা যায়। ভিন্ন ভিন্ন বিন্দুর ক্ষেত্রে t-র মান ভিন্ন ভিন্ন হইবে। কোনও নির্দিষ্ট বিন্দুর ক্ষেত্রে t-র মান সুনির্দিষ্ট।

অধিবৃত্তের সমীকরণ যখন $y^2 = 4ax$ এই আদর্শ আকারে দেওয়া থাকে, তখন অধিবৃত্ত-সম্বন্ধীয় বহু অঙ্কের সমাধানে এক চল 't' র সাহায্যে বিন্দুর স্থানাঙ্ক উপরিউক্ত প্রকারে প্রকাশের কল্পনা আমাদের বিশেষ সাহায্য করে।

এই সম্পর্কে আমাদের লক্ষণীয়, 't' বিন্দুতে

(i) **স্পর্শকের** সমীকরণ [§ 6·4 দেখ]

$$y.2at = 2a(x + at^2), \text{ বা, } y = \frac{x}{t} + at.$$

এবং (ii) **অভিলম্বের** সমীকরণ [§ 6·5 দেখ]

$$y - 2at = -\frac{2at}{2a}(x - at^2),$$

$$\text{বা, } y + tx = 2at + at^3.$$

দ্রষ্টব্য। 't'-র তাৎপর্য।

't' তে অঙ্কিত স্পর্শকের সমীকরণ হইতে ইহা সুস্পষ্ট যে, $\frac{1}{t}$, 't' তে অঙ্কিত

স্পর্শক-রেখার gradient, অর্থাৎ অঙ্কিত রেখা x-অক্ষের সহিত যে কোণ উৎপন্ন করে, 't' সেই কোণের cotangent.

* 6·10. একপ্রস্থ সমান্তরাল জ্যা-র মধ্যবিন্দুর সঞ্চার পথ ; ব্যাস।



$y^2=4ax$ .... (i) অধিবৃত্তের একপ্রস্থ সমান্তরাল জ্যা-গুলির অন্যতম PQ এর সমীকরণ, মনে কর, $y=mx+c$ .... (ii)

জ্যা-গুলি সমান্তরাল বলিয়া সকল জ্যা-র 'm' অভিন্ন হইবে, কিন্তু এই প্রস্থের বিভিন্ন জ্যা-র c ভিন্ন ভিন্ন হইবে।

(i) এবং (ii) সমীকরণ-নির্দেশিত অধিবৃত্ত ও সরলরেখার ছেদবিন্দুদ্বয়ের কোটি এই দুই সমীকরণ হইতে x অপনীত করিয়া প্রাপ্ত সমীকরণ হইতে পাওয়া যায়। অপনয়নান্তে প্রাপ্ত সমীকরণ

$$y^2=4a\left(\frac{y-c}{m}\right), \quad \text{বা,} \quad my^2-4ay+4ac=0.$$

যদি P, Q ছেদবিন্দুদ্বয়ের স্থানাঙ্ক যথাক্রমে (x_1, y_1), (x_2, y_2) হয়, তবে উল্লিখিত সমীকরণ হইতে আমরা পাই

$$y_1+y_2=\frac{4a}{m}$$

∴ PQ-এর মধ্যবিন্দু V-র কোটি y হইলে

$$y=\tfrac{1}{2}(y_1+y_2)=\frac{2a}{m}.$$

এই সমীকরণ c নিরপেক্ষ হওয়ায় এই প্রস্থ সকল জ্যা-র মধ্যবিন্দুর দ্বারা ইহা

সুতরাং, ইহা সকল জ্যা-র মধ্যবিন্দুর সঞ্চারপথ নির্দেশ করে এবং স্পষ্টতঃই এই সমীকরণ x-অক্ষের সমান্তরাল একটি রেখা সূচিত করে।

কোন নির্দিষ্ট একপ্রস্থ সমান্তরাল সকল জ্যা-র সমদ্বিখণ্ডক এইপ্রকার সরলরেখা অধিবৃত্তের ব্যাস নামে অভিহিত।

'm' এর ভিন্ন ভিন্ন মান হইলে অর্থাৎ জ্যা-গুলি x-অক্ষের সহিত বিভিন্ন কোণ উৎপন্ন করিলে, ভিন্ন ভিন্ন ব্যাস পাওয়া যায়।

দ্রষ্টব্য। আলোচ্য ব্যাস যদি অধিবৃত্তকে B বিন্দুতে ছেদ করে, তবে B বিন্দুর ক্ষেত্রেও $y = \frac{2a}{m}$ প্রযোজ্য $\quad x = \frac{\quad}{4a} = \frac{a}{m^2}$

এই বিন্দুতে $y = mx + \frac{a}{m}$ স্পর্শক-রেখা [§ 6·8] এবং এই স্পর্শকরেখা ঐ বিশিষ্ট ব্যাস দ্বারা সমদ্বিখণ্ডিত সকল জ্যা-র সমান্তরাল।

প্রকৃতপক্ষে অধিবৃত্ত অক্ষের সমান্তরাল যে-কোন সরলরেখা অধিবৃত্তের ব্যাস, এবং ইহার প্রান্তবিন্দুতে অর্থাৎ শীর্ষবিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমান্তরাল সকল জ্যা-র সমদ্বিখণ্ডক এই ব্যাস।

6·11. উদাহরণমালা।

Ex. 1. *The focus of a parabola is* (6, 2) *and its vertex is* (3, −2). *Find the equation to the parabola and the length of its latus rectum. Also obtain the co-ordinates of the extremities of its latus rectum.*



মনে কর, অধিবৃত্তের নাভিবিন্দু S এবং ইহার শীর্ষবিন্দু A-র স্থানাঙ্ক যথাক্রমে (6, 2) এবং (3, −2).

$\therefore\quad AS = \sqrt{(6-3)^2+(2+2)^2} = 5.$

$\therefore$ অধিবৃত্তের নাভিলম্বের দৈর্ঘ্য $= 4AS = 20.$

আবার, A এবং S এর সংযোজক-রেখা AS এর $`m' = \dfrac{2-(-2)}{6-3} = \dfrac{4}{3}$ এবং এই রেখাই অধিবৃত্তের অক্ষ। নাভিবিন্দুগামী নাভিলম্ব AS রেখার লম্ব বলিয়া ইহার নির্দেশক সমীকরণ

$$y-2 = -\tfrac{3}{4}(x-6) \qquad \cdots \qquad \cdots \quad \text{(i)}$$

নাভিলম্ব LSL′ এর L বা L′ প্রান্তের স্থানাঙ্ক (x_1, y_1) হইলে

$$SL^2 = (x_1-6)^2+(y_1-2)^2.$$

আবার SL = নাভিলম্বের অর্ধেক = 10.

$$\therefore\quad (x_1-6)^2+(y_1-2)^2 = 100. \qquad \cdots \quad \text{(ii)}$$

এবং (x_1, y_1) নাভিলম্ব $y-2 = -\frac{3}{4}(x-6)$ এর উপর অবস্থিত বলিয়া

$$y_1-2 = -\tfrac{3}{4}(x_1-6). \qquad \cdots \qquad \cdots \quad \text{(iii)}$$

(ii) ও (iii) হইতে $(x_1-6)^2(1+\frac{9}{16}) = 100$, বা, $(x_1-6)^2 = 64$;

$$\therefore\qquad x_1-6 = \pm 8.$$

'+' চিহ্ন লইলে, $x_1 = 14$ এবং (iii) হইতে $y_1 = -4.$

'−' চিহ্ন লইলে, $x_1 = -2$ এবং (iii) হইতে $y_1 = 8.$

অতএব, নাভিলম্বের প্রান্তবিন্দুদ্বয়ের স্থানাঙ্ক (14, −4) এবং (−2, 8).

এখন, অধিবৃত্তের সমীকরণ নির্ণয় করিতে SA রেখাকে Z বিন্দু পর্যন্ত এরূপভাবে বর্ধিত কর, যেন AZ = AS হয়। Z বিন্দুর স্থানাঙ্ক যদি (α, β) ধরা যায়, তবে ZS এর মধ্যবিন্দু A-র স্থানাঙ্ক $\frac{1}{2}(\alpha+6)$, $\frac{1}{2}(\beta+2)$, কিন্তু শীর্ষবিন্দু A-র স্থানাঙ্ক (3, −2)

$$\therefore\quad \tfrac{1}{2}(\alpha+6) = 3, \qquad \text{বা,}\quad \alpha = 0,$$

$$\text{এবং}\quad \tfrac{1}{2}(\beta+2) = -2, \qquad \text{বা,}\quad \beta = -6.$$

নাভিবিন্দু হইতে নিয়ামক-রেখার উপর লম্বের মধ্যবিন্দু A বলিয়া Z স্পষ্টতঃই এই লম্বের পাদবিন্দু। সুতরাং, ZAS রেখার Z বিন্দুগামী লম্বই অধিবৃত্তের নিয়ামক।

অতএব, ইহার সমীকরণ

$$y+6=-\tfrac{3}{4}(x-0), \text{ বা, } \quad 3x+4y+24=0. \quad \ldots \quad \text{(iv)}$$

অধিবৃত্তের উপর যে-কোন বিন্দু P র স্থানাঙ্ক (x, y) হইলে এবং P বিন্দু হইতে নিযামক-রেখাব উপর লম্বের দৈর্ঘ্য PM হইলে

$$\text{SP}=\sqrt{(x-6)^2+(y-2)^2}$$

$$\text{এবং} \quad \text{PM}=\frac{3x+4y+24}{\sqrt{3^2+4^2}}=\frac{3x+4y+24}{5}.$$

$$\because \quad \text{SP}=\text{PM}, \quad \sqrt{(x-6)^2+(y-2)^2}=\frac{3x+4y+24}{5},$$

$$\text{বা,} \quad 25\{(x-6)^2+(y-2)^2\}=(3x+4y+24)^2.$$

ইহাই অধিবৃত্তের নির্ণেয় সমীকরণ।

Ex. 2. *By suitably transferring the origin, show that the equation* $3y^2-10x-12y-18=0$ *reduces to the standard form of the equation to a parabola, and hence obtain the co-ordinates of its vertex and focus, and the length of its latus rectum. Also determine the equation to its directrix.*

প্রদত্ত সমীকরণটি নিম্নের আকারে লেখা যায়

$$3(y^2-4y)=10x+18, \quad \text{বা,} \quad 3(y-2)^2=10(x+3).$$

এক্ষণে, মূলবিন্দু $(-3, 2)$ বিন্দুতে স্থানান্তরিত করিলে এই সমীকরণটি

$$y^2=\tfrac{10}{3}x \quad \cdots \text{ (i) তে পরিণত হয়।}$$

এবং ইহাই অধিবৃত্তের সমীকরণের আদর্শ আকার।

আমরা জানি $y^2=4ax$ অধিবৃত্তে, নাভিলম্ব $=4a$, মূলবিন্দুতে অধিবৃত্তের শীর্ষবিন্দু; নাভিবিন্দুর স্থানাঙ্ক $(a, 0)$ এবং $x=-a$ নিয়ামক-রেখা। ইহার সহিত (i) অধিবৃত্ত তুলনা করিলে

